দৈনিক ইনকিলাব

তারিখ 03 MAY 1994 পৃষ্ঠা ৭ কলাম ৬

120

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ১২টি কলেজের ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ বন্ধ রাখার হেতু কি ?

কুষ্টিয়া, ২ মে (নিজস্ব সংবাদদাতা)।- রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ হবার পর দীর্ঘ আড়াই মাস অতিবাহিত হলেও কুষ্টিয়া ইসলামিয়া কলেজের প্রায় ৯শ' ডিগ্রী পরীক্ষার্থীর ফল আজো প্রকাশিত হয়নি। ফলে ছাত্র-ছাত্রীরা নতুন করে তাদের পরবর্তী শিক্ষাজীবন শুরু করতে পারছে না। প্রতিদিন কলেজে ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশের দাবীতে মিছিল-সমাবেশ অব্যাহত রয়েছে।

জানা গেছে, রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ডিগ্রী পরীক্ষার ফলাফল প্রকাশ করার সময় কুষ্টিয়া ইসলামিয়া কলেজসহ আরো ১২টি কলেজের ডিগ্রী পরীক্ষার ফলাফল প্রকাশ বন্ধ রেখেছে। কিন্তু এর কারণ এখনো অজ্ঞাতই রয়ে গেছে।

ইসলামিয়া কলেজের বিএ, বিকম, বিএসসি বিভাগের প্রায় ৯শ' পরীক্ষার্থী চরম বিড়ম্বনার শিকারে পরিণত হয়েছে। এদিকে বর্তমান সরকার সকল কলেজের ডিগ্রী পরীক্ষাসমূহ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়ার প্রক্রিয়া শুরু করায় এ পরীক্ষার্থীরা নতুন করে ভর্তি হবার সুযোগ থেকেও বঞ্চিত হচ্ছে। এর ফলে ছাত্র-ছাত্রীরা হতাশাগ্রস্ত হয়ে পড়েছে।

SHEET — OF — SHEETS